দৈনিক জনকণ্ঠ

তারিখ JAN 21 2000
পৃষ্ঠা ১ কলাম ২

70

অচলাবস্থা নিরসনে উদ্যোগ নেই

# চবি'তে ছাত্রলীগ-শিবির ফের সংঘর্ষ ॥ পুলিশের লাঠিচার্জে আহত ৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে আবারও ধাওয়া-পাল্টাধাওয়া এবং মুখোমুখি সংঘর্ষ হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে। পুলিশের এলোপাতাড়ি লাঠিচার্জে আহত হয়েছে ৫ জন। এই ঘটনার পর ছাত্রলীগ ও শিবির ক্যাম্পাসে পুনরায় জঙ্গী অবস্থান নিয়েছে। এদিকে শিবির আহূত অবরোধের ৬ষ্ঠ দিনে বিশ্ববিদ্যালয় পরিস্থিতির কোন উন্নতি হয়নি।

ক্যাম্পাসে আরোপিত রাজনৈতিক নিষেধাজ্ঞা উপেক্ষা করে শিবির একাডেমিক ভবনের সামনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। দুপুর ১২টায় ছাত্রলীগের দুই কর্মী মোটর সাইকেল নিয়ে একোডেমিক ভবনের সামনে এলে শিবিরকর্মীরা তাদের ধাওয়া করে।

ধাওয়া করতে করতে শহীদ মিনারের সামনে আসলে নাসির হায়দার বাবুরের নেতৃত্বে ছাত্রলীগ নেতাকর্মীরা শিবিরের গতিরোধ করে পাল্টা ধাওয়া করে। এ সময় উভয় দল ধাওয়া পাল্টাধাওয়া ও পরস্পরের প্রতি ইট-পাটকেল নিক্ষেপ করে। পরে পুলিশ এসে উভয় দলের নেতাকর্মীদের লাঠিচার্জ করে হলে পাঠিয়ে দেয়। পুলিশের লাঠিচার্জে ৫ জন আহত হয়েছে। এর মধ্যে দর্শন বিভাগের ছাত্র কামালের জখম গুরুতর। কামাল পরীক্ষা সংক্রান্ত কাজে বিশ্ববিদ্যালয়ে গিয়েছিল বলে ক্যাম্পাস সূত্র জানায়। এই ঘটনার জন্য ছাত্রলীগ ও শিবির পরস্পরকে দায়ী করেছে।